

বুগাভুয়

তারিখ...
গৃহীত... কলাম...

AUG 28 2002

গাংনীতে টিলছোড়া দূরত্বে দুটি বিদ্যালয় স্থাপন : একটিতে ক্লাস হচ্ছে পুলিশ প্রহরায়

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়া পুকুরিয়া গ্রামে সন্ত্রাসীদের হুমকির মুখে পুলিশ প্রহরায় জ্যোতি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রীদের শিক্ষাদান করা হচ্ছে। গ্রামের বিএনপি সমর্থিত সন্ত্রাসীরা বিদ্যালয় ভেঙিয়ে দেয়া ও শিক্ষক-শিক্ষয়িত্রীসহ ছাত্রীদের বিদ্যালয়ে প্রবেশ বাধা দেয়ার অভিযোগে বিদ্যালয়ে গত ১৯ আগস্ট থেকে পুলিশ প্রহরা বসানো হয়েছে। হুমকির মুখে বিদ্যালয়ে ছাত্রীদের উপস্থিতি কমে গেছে।

জানা যায়, টিলছোড়া ব্যবধানে ১৯৯৭ সালে গ্রামের প্রধান সড়কের একদিকে বিএনপি সমর্থকরা জেটিএস নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এবং অপরদিকে আওয়ামী লীগ সমর্থকরা জ্যোতি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করে। দুটি শিক্ষা প্রতিষ্ঠানই ২০০০ সালে ১ জানুয়ারি পূর্ব অনুমতি লাভ করে। জ্যোতি বিদ্যালয়ের ছাত্রীরা চলতি বছর থেকে উপবস্তির টাকা পাচ্ছে।

জেটিএস বিদ্যালয়ের প্রধান শিক্ষয়িত্রী

খুরশিদা খাতুন এই প্রতিনিধিকে বলেন, জেটিএস বিদ্যালয়ের পক্ষে স্থানীয় সন্ত্রাসীরা হুমকি দেয়ায় ছাত্রীরা বিদ্যালয়ে আসা বন্ধ করে দিয়েছে। আমরাও সারাক্ষণ আতংকের মধ্যে আছি। গাংনী থানা পুলিশকে লিখিত অভিযোগ করলে পুলিশ প্রহরায় ক্লাস নেয়া হচ্ছে। এদিকে জেটিএস নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরোজ জাহাঙ্গীরের সঙ্গে আলাপ করলে তিনি বলেন, গ্রামের মানুষ চায় ওই বিদ্যালয়টি বন্ধ হোক। এ কারণে কেউ কেউ হুমকি দিয়ে থাকতে পারে। দুটি বিদ্যালয়ের সব শিক্ষক-শিক্ষয়িত্রী, ছাত্রী দুটি বিদ্যালয়কেই দলীয় বিদ্যালয় হিসাবে চিহ্নিত করেছে।